# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৫৫. অসন্তুষ্টির ফল অবিশ্বাস (কুফুরি)

বিরক্তি ও ক্ষুব্ধতার কারণে মানুষ আল্লাহর অনুগ্রহকে অস্বীকার করে। ফলত এটা কুফুরির (আল্লাহকে অবিশ্বাসের) পথে নিয়ে যায়। বান্দা যদি প্রভুর প্রতি সর্বাবস্থায় সন্তুষ্ট থাকে তবে স্বভাবতই তার প্রতি কৃতজ্ঞ থাকল। অতএব, সে সন্তুষ্ট ও কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হয়। কিন্তু যদি সে সন্তুষ্টিহীন হয় তবে সে বিরক্ত ও ক্ষুব্ধদের অন্তর্ভুক্ত হয় এবং কাফেরদের পথ অনুসরণ করে। ঈমানের মধ্যে মিথ্যা ও বিচ্যুতির অনুপ্রবেশ একমাত্র একারণেই ঘটেছে যে, আল্লাহর অনেক বান্দা নিজেরাই নিজের প্রভু হতে চেয়েছিল, এমনকি তাদের অনেকে নিজেদের চাহিদা ও ইচ্ছাকে তাদের (বানানো) প্রভু কর্তৃক লিখিয়ে নিতে বা অনুমোদন করিয়ে নিতেও উদ্যোগ নিয়েছিল।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُقَدِّمُوا بَيْنَ يَدَيِ اللَّهِ وَرَسُولِهِ

“হে মু’মিনগণ! তোমরা আল্লাহ ও তার রাসূলের আগে বেড়ো না।” (৪৯-সূরা আল হুজরাতঃ আয়াত-১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন